জেলা পরিষদ কার্যালয়
কুড়িগ্রাম।
www.zpkurigram.gov.bd

স্মারক নং-৪৬.৪৭.৪৯০০.০০২.০৬.০০১.২৫-৫৩৭ তারিখঃ ০১.০৭.২০২৫ খ্রিঃ

## জুলাই গণঅভ্যুত্থান স্মরণে অংশগ্রহণমূলক আইডিয়া প্রতিযোগিতার বিজ্ঞপ্তি ঃ

২০২৪ সালের জুলাই-আগষ্টে সংঘটিত ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের এক বছর পূর্তি উপলক্ষে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক জেলা পরিষদ, কুড়িগ্রাম এ সংক্রান্ত একটি অংশগ্রহণমূলক "আইডিয়া প্রতিযোগিতা" আয়োজনের উদ্যোগ নিয়েছে। এ প্রতিযোগিতার মাধ্যমে স্থানীয় বাস্তবতার উপযোগী এবং বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী আইডিয়া আহবান করা হচ্ছে, যার মধ্য দিয়ে তরুণ প্রজন্ম সরাসরি গণঅভ্যুত্থান স্মরণে সম্পৃক্ত হতে পারবে।

## আইডিয়া প্রতিযোগিতা সংক্রান্ত তথ্যঃ

প্রতিপাদ্য: "আমার চোখে জুলাই বিপ্লব"

আইডিয়া প্রতিযোগিতায় যারা অংশগ্রহণ করতে পারবেন:

- ১৫ থেকে ৩০ বছর বয়সী তরুণ-তরুণী;
- মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী;
- যুব ক্লাব, ডিবেট, স্কাউট, রোভার ও সাংস্কৃতিক সংগঠনের সদস্যগণ;
- শুধুমাত্র দলীয়ভাবে প্রতিযোগিতায় অংশ নেয়া যাবে;
- নারী সদস্যের অগ্রাধিকার নিশ্চিত করতে হবে;

আইডিয়া জমা দেওয়ার কাঠামো (মানদন্ড)

- ১-২ পৃষ্ঠার একটি ধারনাপত্র (বাংলা বা ইংরেজিতে) অবশ্যই উল্লেখ করতে হবে;
- আইডিয়ার শিরোনাম;
- আইডিয়ার ভূমিকা;
- আইডিয়ার বিবরণ (স্থান উল্লেখসহ), উদ্দেশ্য ও প্রত্যাশিত প্রভাব;
- আইডিয়ার বাস্তবায়নে দলের সদস্যদের সুনির্দিষ্ট ভূমিকা উল্লেখ করতে হবে;
- সৃজনশীলতা ও উদ্ভাবনের ক্ষমতা;
- প্রস্তাবের স্বতন্ত্রতা (Uniqueness);
- কাঙ্ক্ষিত ফলাফল;
- গণঅভ্যুত্থানের সাথে সামঞ্জস্যতা;
- দেশীয় সংস্কৃতির সাথে সামঞ্জস্যতা;

সম্ভাব্য আইডিয়ার উদাহারন:

- দেয়ালচিত্র;
- পথনাটক বা মঞ্চনাটক;
- প্রদর্শনী/প্রমাণ্যচিত্র;
- জনসচেনতামুলক কার্যক্রম/প্রাথমিক স্বাস্থ্য বা পুষ্টি বিষয়ক প্রচারণা/কার্যক্রম;
- উদ্যোক্তা মেলা, স্থানীয় শিল্প প্রদর্শনী;
- স্কিল কম্পিটিশন/প্রতিভা অন্বেশন;
- বর্জ্য-শূন্য অভিযান;
- গ্রীণ স্কুল (Green School), ক্লিন স্কুল কার্যক্রম (Clean School);
- জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত অন্য যেকোনো ধারনা (আইডিয়া)।

জমা দেওয়ার পদ্ধতি;

- প্রস্তাব আহ্বান ও প্রস্তাব দাখিল: ০১-০৮ জুলাই ২০২৫;
- প্রস্তাব মূল্যায়ন: ০৯-১১ জুলাই ২০২৫;
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রকল্প: ১২ জুলাই ২০২৫;
- আইডিয়া প্রদর্শনী: ০৫ আগস্ট ২০২৫;

জমাদানের স্থান:

- সরাসরি: জেলা পরিষদ কার্যালয়, কুড়িগ্রাম। অথবা
- অনলাইন: ই-মেইল: ceo@zpkurigram.gov.bd অথবা
- সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সরাসরি অথবা সরকারি ই-মেইলে জমা প্রদান করা যাবে।

স্বাক্ষরিত/০১.০৭.২০২৫
(মো: ফিরুজুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, কুড়িগ্রাম।
ফোন: ০২৫৮৯৯-৫০৬৮৭ (অফিস)।
ই-মেইল: ceo@zpkurigram.gov.bd